অদ্য ০৬/০৪/২০২৩ইং তারিখে সকাল ১০.০০ ঘটিকার সময় ৩নং ফারুয়া ইউনিয়ন পরিষদের সভাকক্ষে ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সভার আয়োজন করা হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র ইউনিয়নের চেয়ারম্যান  বাবু বিদ্যালাল তঞ্চঙ্গ্যা।

উক্ত সভায় নিম্ন বর্ণিত  সকল সদস্য/সদস্যাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মিসেস মনিলতা তঞ্চঙ্গ্যা | ১,২,৩ নং ওয়ার্ড মহিলা সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মিসেস সুমিতা দেবী তঞ্চঙ্গ্যা | ৪,৫,৬ নং ওয়ার্ড মহিলা সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মিসেস চোক পুরি তঞ্চঙ্গ্যা | ৭,৮,৯ নং ওয়ার্ড মহিলা সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | বাবু উজ্জ্বল তঞ্চঙ্গ্যা | ১ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | বাবু আনন্দ তঞ্চঙ্গ্যা | ২ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | বাবু শান্তি কুমার তঞ্চঙ্গ্যা | ৩ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | বাবু রিনু কুমার তঞ্চঙ্গ্যা | ৪ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৮ | বাবু সিদ্ধার্থ চাকমা | ৫ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৯ | বাবু যতীন তঞ্চঙ্গ্যা | ৬ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | বাবু যতিন কান্তি তঞ্চঙ্গ্যা | ৭ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | বাবু সুবানন্দ তঞ্চঙ্গ্যা | ৮ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | বাবু ভূবন জয় তঞ্চঙ্গ্যা | গন্যমান্য ও সদস্য টাস্কফোর্স কমিটি | স্বাক্ষরিত |
| ১৩ | বাবু রতন কুমার তঞ্চঙ্গ্যা | কার্বারী ও সদস্য টাস্কফোর্স কমিটি | স্বাক্ষরিত |
| ১৪ | বাবু কাঞ্চন দাশ | ব্যবসায়ী | স্বাক্ষরিত |
| ১৫ | মিসেস ননী বালা তঞ্চঙ্গ্যা | পরিবার পরিকল্পনা কর্মী | স্বাক্ষরিত |
| ১৬ | বাবু সিদ্ধার্থ তঞ্চঙ্গ্যা | ইউপি সচিব | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সভাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্য বিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। অতঃপর কারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় ইহা ছাড় করণ করা হয়।

**সিদ্ধান্তঃ** সভায় অত্র ইউনিয়নের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনাকালে সভাপতি মহোদয় জানান যে, অত্র ইউনিয়নে ১ বছরের মধ্যে জন্ম নেওয়া শিশুর জন্ম নিবন্ধনের লক্ষ্যমাত্রা পূরণ হচ্ছেনা বলে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বার বার তাগিদ দেওয়া হচ্ছে। এ বিষয়ে করণীয় সম্পর্কে সকলের নিকট জানতে চান। উপস্থিত সদস্যগণ জানান যে, জন্ম  ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা পূরণে আমরা সকলে সর্বাত্মক চেষ্টা

চালাচ্ছি। আশা করি চলতি সপ্তাহ হতে এর সুফল অর্জিত হবে। এবং ইতোমধ্যে ৪৫ দিনের মধ্যে জন্ম নেওয়া কিছু শিশুরও আবেদনপত্র জমা প্রদান করা হয়েছে। সভাপতি মহোদয়, যে সকল শিশু ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করেছে তাদেরকে শুভেচ্ছা সামগ্রী প্রদান করা হবে বলে ঘোষণা প্রদান করেন। সভাপতি মহোদয় শুভেচ্ছা সামগ্রী বিতণের উদ্যোগ নেওয়ায় উপস্তিত সকলে সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানান। পরিশেষে, সভাপতি মহোদয়, আবারও জন্ম ও মৃত্যূ নিবন্ধনের লক্ষ্যমাত্রা অর্জনে উপস্থিত সকলের সর্বাত্মক সহযোগীতা কামনা করেন।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সভাকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।



**(বিদ্যালাল তঞ্চঙ্গ্যা)**
চেয়ারম্যান
৩নং ফারুয়া ইউনিয়ন পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- ফাইউপি/বিলাই/রাঙ্গা/২০২৩- ২৪ তাং-৩০/০৪/২০২৩ইং

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্টতার ভিত্তিতে নয়)</u>

১. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪. সংরক্ষণ নথি।



(বিদ্যালাল তঞ্চঙ্গ্যা)
চেয়ারম্যান
৩নং ফারুয়া ইউনিয়ন পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

অদ্য ৩০/০৪/২০২৩ইং তারিখে সকাল ১১.০০ ঘটিকার সময় ৩নং ফারুয়া ইউনিয়ন পরিষদের সভাকক্ষে ইউনিয়ন পরিষদের মাসিক সভার আয়োজন করা হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র ইউনিয়নের চেয়ারম্যান বাবু বিদ্যালাল তঞ্চঙ্গ্যা।

উক্ত সভায় নিম্ন বর্ণিত সকল সদস্য/সদস্যাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মিসেস মনিলতা তঞ্চঙ্গ্যা | ১,২,৩ নং ওয়ার্ড মহিলা সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মিসেস সুমিতা দেবী তঞ্চঙ্গ্যা | ৪,৫,৬ নং ওয়ার্ড মহিলা সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মিসেস চোক পুরি তঞ্চঙ্গ্যা | ৭,৮,৯ নং ওয়ার্ড মহিলা সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | বাবু উজ্জ্বল তঞ্চঙ্গ্যা | ১ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | বাবু আনন্দ তঞ্চঙ্গ্যা | ২ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | বাবু শান্তি কুমার তঞ্চঙ্গ্যা | ৩ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | বাবু রিনু কুমার তঞ্চঙ্গ্যা | ৪ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৮ | বাবু সিদ্ধার্থ চাকমা | ৫ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৯ | বাবু যতীন তঞ্চঙ্গ্যা | ৬ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | বাবু যতিন কান্তি তঞ্চঙ্গ্যা | ৭ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | বাবু সুবানন্দ তঞ্চঙ্গ্যা | ৮ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | বাবু সিদ্ধার্থ তঞ্চঙ্গ্যা | ইউপি সচিব | স্বাক্ষরিত |

১. পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ভিজিএফ বিতরণ সম্পর্কে আলোচনা।
২. গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচি (টি,আর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সম্পর্কে আলোচনা।
৩. আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সভাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্য বিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। অতঃপর কারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় ইহা ছাড় করণ করা হয়।

**১নং আলোচনাঃ** সভায় সভাপতি মহোদয় জানান যে, পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে বিলাইছড়ি উপজেলা পরিষদ হতে ৩নং ফারুয়া ইউনিয়নে বরাদ্দকৃত ২০ মেঃটন খাদ্যশস্য (চাউল) প্রতি পরিবারকে ১০ কেজি করে মোট ২০০০ পরিবারের মধ্যে সুষ্ঠভাবে বিতরণ করা হয়েছে। খাদ্যশস্য সুষ্ঠভাবে বিতরণ করায় উপস্থিত সদস্যগণ সভাপতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

**২নং আলোচনাঃ** সভায় সভাপতি মহোদয় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচি (টি,আর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) প্রকল্পের অগ্রগতি সম্পর্কে জানতে চান। এর প্রেক্ষিতে উপস্থিত প্রকল্প সভাপতিগন জানান যে, উক্ত প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং কিছু কিছু প্রকল্পের কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। সভাপতি মহোদয় প্রকল্প কাজের গুনগত মান বজায় রেখে প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য তাগিদ দেন।

**<u>৩নং আলোচনাঃ</u>** সভায় এপ্রিল/২০২৩ইং মাসের ৩নং ফারুয়া ইউনিয়নের আইন-শৃঙ্খলা সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় প্রত্যেক ওয়ার্ডের ওয়ার্ড সদস্যগণ জানান যে, চলতি মাসে অত্র ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এখন পর্যন্ত কোথাও কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেনি। পরিশেষে, চলতি এপ্রিল/২০২৩ইং মাসের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় অদ্যকার সভা বিশেষভাবে সন্তোষ প্রকাশ করে। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখার জন্য সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সভাকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

**(বিদ্যালাল তঞ্চঙ্গ্যা)**
চেয়ারম্যান
৩নং ফারুয়া ইউনিয়ন পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- ফাইউপি/বিলাই/রাঙ্গা/২০২৩- ৩০ তাং-৩০/০৪/২০২৩ইং

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল</u>

০১. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৩. সংরক্ষণ নথি।

(বিদ্যালাল তঞ্চঙ্গ্যা)
চেয়ারম্যান
৩নং ফারুয়া ইউনিয়ন পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।